# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকটবর্তী মুত্তাকীগণ; তাঁর নিকটাত্মীয়গণ নয়, যখন তারা পাপিষ্ঠ হয়

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ أَوْلِيَاءَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هُمُ الْمُتَّقُونَ دُونَ أَقْرِبَائِهِ إِذَا كَانُوا فَجَرَةً

---

আরবী

646 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو نَشِيطٍ مُحَمَّدُ بْنُ هَارُونَ بْنِ رُهَيْمٍ ـ بَغْدَادِيٌّ ثِقَةٌ ـ قَالَ: حَدَّثَنَا أَبُو الْمُغِيرَةِ قَالَ: حَدَّثَنَا صَفْوَانُ بْنُ عَمْرٍو قَالَ: حَدَّثَنِي رَاشِدُ بْنُ سَعْدٍ عَنْ عَاصِمِ بْنِ حُمَيْدٍ السَّكُونِيِّ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: لَمَّا بَعَثَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْيَمَنِ خَرَجَ مَعَهُ رَسُولُ اللَّهِ صَلَّى الله عليه وسلم يوصيه ـ ومعاذ رَاكِبٌ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَحْتَ رَاحِلَتِهِ ـ فَلَمَّا فَرَغَ قَالَ: (يَا مُعَاذُ إِنَّكَ عَسَى أَنْ لَا تَلْقَانِي بَعْدَ عَامِي هَذَا لَعَلَّكَ أَنْ تَمُرَّ بِمَسْجِدِي وَقَبْرِي) فَبَكَى مُعَاذٌ خَشَعاً لِفِرَاقِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم ثم التفت صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَ الْمَدِينَةِ فقَالَ: (إِنَّ أَهْلَ بَيْتِي هَؤُلَاءِ يَرَوْنَ أَنَّهُمْ أَوْلَى النَّاسِ بِي وَإِنَّ أَوْلَى النَّاسِ بِي الْمُتَّقُونَ من كانوا وحيث كَانُوا اللَّهُمَّ إِنِّي لَا أُحِلُّ لَهُمْ فَسَادَ ما أصلحت وايم الله لَيَكْفَأُنَّ أُمَّتِي عَنْ دِينِهَا كَمَا يُكفأ الْإِنَاءُ فِي البطحاء)

الراوي : مُعَاذِ بْنِ جَبَلٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 646 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৪৬. মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ইয়ামেনে পাঠান, তাকে উপদেশ দেওয়ার জন্য তিনি তার সাথে বের হলেন। এসময় মুয়ায বিন জাবাল

রাদ্বিয়াল্লাহু আনহু বাহনে আরোহী ছিলেন আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাহনের নিচে ছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উপদেশ শেষ করে বললেন: “হে মুয়ায, হতে পারে এই বছর পর তুমি আর আমার সাক্ষাৎ পাবে না! হতে পারে তুমি আমার কবর ও মাসজিদের পাশ দিয়ে পথ অতিক্রম করবে।” ফলে মুয়ায রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিচ্ছেদের ভয়ে কাঁদতে লাগলেন। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাদীনার দিকে তাকালেন এবং বললেন: “আমার আহলে বাইতের লোকেরা মনে করে যে, তারা আমার সবচেয়ে নিকটবর্তী। বস্তুত মানুষের মাঝে আমার সবচেয়ে নিকটবর্তী হলেন মুত্তাকীগণ, তারা যে-ই হোক না কেন, আর তারা যেখানেই থাকুক না কেন! হে আল্লাহ আমি তাদের জন্য এমন কোন জিনিস বিনষ্ট করা বৈধ করি না, যা আপনি সংশোধন করে দিয়েছেন। আল্লাহর কসম! অবশ্যই আমার উম্মত দ্বীন থেকে ফিরে যাবে যেমন ভাবে ময়দানে পাত্র উল্টে ফেলা হয়!”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৩৫; তাবারানী, আল কাবীর: ২০/২৪১; সুনান আল বাইহাকী: ১০/৮৬; মাজমা‘উয যাওয়াইদ: ৯/২২; সহীহ আল বুখারী: ৫৯৯০; সহীহ মুসলিম: ২১৫।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (ফিকহুস সীরাহ: ৪৮৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89148

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন